

# যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:৪০ এএম


শিক্ষাজ্ঞন

## ‘আলহামদুলিল্লাহ, রাকসু প্রাণ ফিরে পেল’ – রাবি ভিসি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৭ অক্টোবর ২০২৫, ০২:০৫ পিএম



৩৫ বছরের অচলাবস্থা কাটিয়ে অবশেষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এতে বিপুল ব্যবধানে জয়ী হয়েছে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির। এর ঠিক পরই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি সালেহ হাসান নকীব তার প্রতিক্রিয়া জানিয়েছেন ফেসবুকে। তিনি জানিয়েছেন, ৩৫ বছর পর রাকসু প্রাণ ফিরে পেয়েছে।

তিনি তার ফেসবুক অ্যাকাউন্ট থেকে লেখেন, ‘দীর্ঘ ৩৫ বছর পর রাকসু প্রাণ ফিরে পেল। এই প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকলেই জিতে গেছে।’

এরপর তিনি নির্বাচিতদেরও পরামর্শ দেন। তিনি বলেন, যারা নির্বাচিত হয়েছে, তাদের মনে রাখতে হবে, পদ উপভোগের বিষয় নয়। এটা আমানত। দলমত নির্বিশেষে সকলের জন্য কাজ করতে হবে।’

রাকসু যে দলীয় এজেন্ডা বাস্তবায়নের জায়গা নয়, সেটাও মনে করিয়ে দেন তিনি। তার কথা, ‘রাকসু দলীয় এজেন্ডা বাস্তবায়নের প্ল্যাটফর্ম নয়। অতি-রাজনীতি যেন রাকসুর মূল উদ্দেশ্য ব্যতৃত না করে।’

এর আগে গতকাল রাকসু নির্বাচনের ভোটগ্রহণ শেষ হয়। তা শেষে আজ শুক্রবার (১৭ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে ফল ঘোষণা করা হয়।

ভিপি পদে নির্বাচিত হন ছাত্র শিবির সমর্থিত সমিলিত শিক্ষার্থী জোটের মোস্তাকুর রহমান জাহিদ, এজিএস এস এম সালমান সাবির। জিএস নির্বাচিত হন আধিপত্য বিরোধী এক্য প্যানেলের সালাউদ্দিন আম্মার।